একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় ও মনিটরিং শাখা
www.mopme.gov.bd

**বিষয়: ডিসেম্বর ২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভা ০৪ ডিসেম্বর ২০২২ তারিখ অনুষ্ঠিত হয়। মন্ত্রণালয়ের সচিব জনাব ফরিদ আহাম্মদ সভায় সভাপতিত্ব করেন।

২। সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তালিকা **"পরিশিষ্ট ক"**-তে সন্নিবেশ করা হলো।

৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সচিব মহোদয়ের নির্দেশনার পরিপ্রেক্ষিতে সভায় আলোচ্যসূচি উপস্থাপন করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: | বিষয় | আলোচনা/সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন | অক্টোবর ২০২২ মাসের কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |
| ২ | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা | সিদ্ধান্ত:<br>(i) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের বিষয়ে বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রতি মাসের ৩ তারিখের মধ্যে দপ্তরসমূহ হতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(ii) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ বাস্তবায়নের সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয়ের ওয়েবসাইটে প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে নিয়মিত আপলোড করতে হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষ আপলোডের বিষয়টি ভেরিফিকেশন করবেন। | ডিজি (সকল)<br><br>অতি: সচিব (প্রশা:) এবং উপসচিব (সওম) |
| ৩ | জাতীয় প্রাথমিক শিক্ষা পদক-২০১৯ এবং জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ-২০২২ এর পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন | আলোচনা:<br>জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ-২০২২ এর উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন এবং জাতীয় প্রাথমিক শিক্ষা পদক-২০১৯ ও ২০২২ আগামী ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মধ্যে বিতরণ করার লক্ষ্যে একটি বিভাগওয়ারী চেকলিস্ট মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রস্তুত করা হয়েছে। সে মোতাবেক সার-সংক্ষেপ তৈরি করে ০৪/১২/২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>সিদ্ধান্ত:<br>(i) প্রাথমিক শিক্ষা সপ্তাহ নীতিমালা ২০১৩ (সংশোধিত ২০২২) এর খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে ইতোমধ্যে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক একটি খসড়া সংশোধনী নীতিমালা-২০২২ প্রস্তুত করা হয়েছে। প্রাথমিক শিক্ষা সপ্তাহ সংশোধিত নীতিমালা-২০২২ এর খসড়া দ্রুততম সময়ের মধ্যে অনুমোদন করতে হবে। | ডিজি, ডিপিই এবং অতি: সচিব (বিদ্যা:), প্রাগম |
| ৪ | পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম | আলোচনা:<br>পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে ০২/১১/২০২২ তারিখে এনসিটিবি এবং শিক্ষা মন্ত্রণালয়ের সমন্বয়ে একটি সভা হয়েছে। মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের সিদ্ধান্ত অনুযায়ী মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ব্যবস্থা গ্রহণ করেছেন মর্মে জানানো হয়। বই মুদ্রণের কাজ খুব দ্রুতগতিতে এগিয়ে যাচ্ছে। যথাসময়ে বই মুদ্রণ শেষ করতে হবে মর্মে সভায় আলোচনা হয়।<br>সিদ্ধান্ত:<br>(i) আগামী ২০/১২/২০২২ তারিখের মধ্যে বাংলা, ইংরেজি ও গণিত বইসহ সকল শ্রেণির সকল বই প্রতিটি উপজেলায় প্রেরণ করতে হবে।<br>(ii) বই মুদ্রণে কাগজের মান, মুদ্রণ স্পষ্ট না হওয়া এবং মুদ্রণজনিত কোন ত্রুটির দায়দায়িত্ব মন্ত্রণালয় বহন করবে না। এ বিষয়ে | অতিরিক্ত সচিব (বিদ্যালয়), ডিজি, ডিপিই ও চেয়ারম্যান, এনসিটিবি |

| | | | |
|---|---|---|---|
| | | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং চেয়ারম্যান, এনসিটিবি বিষয়টি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন।<br>(iii) প্রতিবছর ১ জানুয়ারি বই বিতরণ করতে হবে।<br>(iv) ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত আলাদা শিক্ষক সহায়িকা প্রণয়ন না করে একটি গাইড লাইন থাকতে হবে। উক্ত গাইড লাইন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে। যার যতটুকু প্রয়োজন তিনি ততটুকু ওয়েবসাইট থেকে সংগ্রহ করে নিবেন। | |
| ৫ | (ক) সারাদেশের প্রাইভেট কিন্ডারগার্টেনকে একটি আইন/বিধিসম্মত কাঠামো'র মধ্যে আনা | আলোচনা:<br>অতিরিক্ত সচিব (বিদ্যালয়) এর সভাপতিত্বে সারাদেশের প্রাইভেট কিন্ডারগার্টেনকে একটি আইন/বিধিসম্মত কাঠামো'র মধ্যে আনয়নের লক্ষ্যে একটি সাব কমিটি গঠিত হয়েছে। উক্ত কমিটি বর্তমান নীতিমালাটি সংশোধন করে একটি খসড়া নীতিমালা তৈরি করেছে বলে সভাকে অবহিত করেন।<br>সিদ্ধান্ত:<br>(i) সারাদেশের প্রাইভেট কিন্ডারগার্টেন পাঠদানের অনুমোদনসহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কারিকুলাম অনুসরণ করে পাঠদান করবে। এ বিষয়ে একটি খসড়া নীতিমালা দ্রুততম সময়ের মধ্যে প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। | অতি: সচিব (বিদ্যা:) ও ডিজি, ডিপিই |
| ৬ | রাজস্ব ব্যবস্থাপনায় উপবৃত্তি বিতরণ | আলোচনা:<br>উপবৃত্তির পরিমাণ গতবারের থেকে কমেছে। উপবৃত্তিপ্রাপ্তির সঠিক সংখ্যা নির্ধারণ করতে পারলে উপবৃত্তি প্রদান এবং বই বিতরণ সহজতর হবে। গতবছরের অবিতরণকৃত অধিকাংশ টাকা ইতোমধ্যে বিতরণ করা হয়েছে। অবশিষ্ট অবিতরণকৃত টাকা ডিসেম্বর-২০২২ এর মধ্যে বিতরণ করা হবে মর্মে সভায় আলোচনা হয়।<br>সিদ্ধান্ত:<br>(i) উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর সঠিক সংখ্যা নির্ধারণ করতে হবে।<br>(ii)২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বাজেটে উপবৃত্তির জন্য অতিরিক্ত অর্থ চাইতে হবে।<br>(iii) বিদ্যমান/চলমান এন্ট্রিকৃত শিক্ষার্থীর সংখ্যা ৯৯,৮৭,৫০৫ জন। সকল শিক্ষার্থী এন্ট্রি হওয়ার পর সঠিক পরিসংখ্যানের ভিত্তিতে উপবৃত্তির অর্থ বিতরণ করতে হবে।<br>(iv) উপবৃত্তি বিতরণের লক্ষ্যে ছাত্র-ছাত্রীদের আইডি হালনাগাদের কাজটি দ্রুত সম্পন্ন করতে হবে। | অতি: সচিব (বাজেট) ও ডিজি, ডিপিই |
| ৭ | অনিষ্পন্ন তালিকা | সিদ্ধান্ত:<br>(i) অনিষ্পন্ন বিষয়ে প্রত্যেক মাসের ১ম রবিবার/সোমবার শাখা কর্মকর্তা তার শাখা ১ ঘন্টা হতে ১.৩০ ঘন্টা সময় নিয়ে পরিদর্শন করবেন।<br>(ii) প্রতি ২মাস পর পর অধিশাখার কর্মকর্তা পরিদর্শনপূর্বক রিপোর্ট পর্যালোচনা করে অনুবিভাগ প্রধানের দৃষ্টি আকর্ষণ করবেন।<br>(iii) ১ মাসের বেশি অনিষ্পন্ন বিষয়ের তালিকা করে অনুবিভাগ প্রধানগণ সভা করে নিষ্পত্তি করবেন।<br>(iv) শাখা পরিদর্শন কার্যক্রম আরও জোরদার করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল) |
| ৮ | জাতীয় শুদ্ধাচার কৌশল/বার্ষিক কর্মসম্পাদন চুক্তি/ইনোভেশন | সিদ্ধান্ত:<br>(i) জাতীয় শুদ্ধাচার কৌশল/বার্ষিক কর্মসম্পাদন চুক্তি/ইনোভেশন বাস্তবায়নে ২০২২-২৩ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুযায়ী কর্ম সম্পাদন করতে হবে।<br>(ii) জাতীয় শুদ্ধাচার কৌশল/বার্ষিক কর্মসম্পাদন চুক্তি/ইনোভেশন সংক্রান্ত গঠিত কমিটি সভা করে বিষয়টি বাস্তবায়নে সক্রিয় থাকবেন। | অতি: সচিব (সকল), ডিজি (সকল) এবং সিনিয়র সহকারী সচিব (ত:ও:শৃ:) |
| ৯ | ই-ফাইলিংয়ের অগ্রগতি | মন্ত্রণালয়ের ই-ফাইলিং কার্যক্রম সন্তোষজনক।<br>সিদ্ধান্ত:<br>(i) দপ্তর/সংস্থার সকল কার্যক্রম ই-ফাইলে সমাপ্ত করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | অনুবিভাগ প্রধান (সকল) এবং ডিজি (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ১০ | পরিদর্শন কার্যক্রম | আলোচনা:<br>জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারদের থেকে বিদ্যালয় পরিদর্শনের ফলে ভাল ফলাফল আসতে শুরু করেছে। বিদ্যালয়ের সকল শিক্ষককে বই ভালভাবে পড়তে হবে। তাহলে তার বইয়ের প্রতি দখল থাকবে এবং তার ফলে তিনি শিশুদের মধ্যে প্রকৃত শিক্ষা দিতে পারবেন।<br>সিদ্ধান্ত:<br>(i) মন্ত্রণালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে অধিনস্ত অফিসসহ সকল সরকারি/বেসরকারি বিদ্যালয় নির্ধারিত ছকে নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>(ii) মন্ত্রণালয়ের কর্মকর্তাগণকে পরিদর্শন প্রতিবেদন বিদ্যালয়-২ শাখায় দাখিল করতে হবে। | অতি: সচিব (বিদ্যা:) ও ডিজি, ডিপিই উপসচিব (সকল) |
| ১১ | অডিট সংক্রান্ত | সিদ্ধান্ত:<br>(i) ব্রডশীড জবাব সংগ্রহ করে নিষ্পত্তির জন্য শিক্ষা অডিট অধিদপ্তরে প্রেরণ করে নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করতে হবে। অডিট আপত্তির সংখ্যা যেন কম থাকে এবং কোন পেন্ডিং না থাকে সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে।<br>(ii) ব্রডশীট জবাবের মাধ্যমে যেগুলো নিষ্পত্তি হবে না সেগুলো নিয়ে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আহবান করে নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অতি: সচিব (বাওঅ) ও ডিজি (সকল) |
| ১২ | বিভাগীয় মামলা | আলোচনা:<br>বিভাগীয় মামলার ক্ষেত্রে অজ্ঞতা, শৈথিল্য, দীর্ঘসূত্রিতা, অদক্ষতা এবং অনীহা দূর করার বিষয়ে আলোচনা হয়।<br>স্বচ্ছতা জবাবদিহিতা নিশ্চিত করতে আইনানুগভাবে অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে:<br>সিদ্ধান্ত:<br>(i) সারাদেশে যে ৪১৮ জন শিক্ষক অননুমোদিতভাবে বিদ্যালয়ে অনুপস্থিত আছেন তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ii) জাতীয়করণকৃত বিদ্যালয়ের শিক্ষকদের সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এবং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জাতীয়করণকৃত বিদ্যালয়ে বদলীর মাধ্যমে শিক্ষার মান উন্নত করতে হবে। | ডিজি, ডিপিই |
| ১৩ | মন্ত্রণালয় ও দপ্তর/ সংস্থাসমূহের জনবলের নিয়োগ/পদোন্নতি বিষয়ে আলোচনা | আলোচনা:<br>প্রাথমিক শিক্ষক নিয়োগে পূর্বের ডিজি, বর্তমান ডিজি, সচিব এবং নিয়োগ কাজে গঠিত কমিটি দিনরাত পরিশ্রম করেছেন। দ্রুততম সময়ের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের বিষয়ে আলোচনা হয়।<br>সিদ্ধান্ত:<br>(i) ডিসেম্বর ২০২২ মাসের মধ্যে শিক্ষক নিয়োগের ফলাফল প্রকাশ এবং দ্রুততম সময়ের মধ্যে পদায়নের ব্যবস্থা করতে হবে।<br>(ii) দপ্তর/সংস্থার পরিচালক পর্যায়ের কর্মকর্তাগণ রীট পিটিশন/মামলার বাদীদের সাথে অনানুষ্ঠানিকভাবে আলোচনা করে মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | অতি: সচিব (বিদ্যালয়) এবং ডিজি, ডিপিই |
| ১৪ | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমি সঠিকভাবে রেকর্ডভুক্তকরণ | দেশের সকল প্রাথমিক বিদ্যালয় ও জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদেরকে সংশ্লিষ্ট বিদ্যালয়ের জমি সঠিকভাবে রেকর্ডভুক্ত করতে হবে। জাতীয়করণকৃত যে সকল বিদ্যালয়ের জমি সরকারের নামে রেকর্ডভুক্ত হয়নি সে সকল বিদ্যালয়ের জমি মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বরাবর রেকর্ডভুক্তের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতি: সচিব (বিদ্যালয়) ও ডিজি, ডিপিই |
| ১৫ | তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুতকরণ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত তথ্য অধিকার বিষয়ে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনায় তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুযায়ী যাবতীয় তথ্যের প্রস্তুতকৃত ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুত করার নির্দেশনা রয়েছে। নির্দেশনা মোতাবেক অত্র মন্ত্রণালয়ের সকল শাখায় যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুত করা হয়েছে। যা তথ্য প্রদানকারী কর্মকর্তার নিকট রক্ষিত আছে। | উপসচিব (বিদ্যা-১) |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/=
১২/১২/২০২২
ফরিদ আহাম্মদ
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

নং-৩৮.০০.০০০০.০০৫.০৯.০০৬.২১-৫৫০

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ / ১২ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি-সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো; বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট; জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৪. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
৬. উপসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন, মিরপুর-২, ঢাকা।
৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সিনিয়র সহকারী সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১২. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. মাননীয় প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সহকারী সচিব (সকল); পরিসংখ্যান কর্মকর্তা; হিসাবরক্ষণ কর্মকর্তা; সহকারী প্রোগ্রামার, লাইব্রেরিয়ান; জনসংযোগ কর্মকর্তা; প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. অফিস কপি।

২৫/১২/২০২২

(সত্যজিত রায় দাশ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৬৬৯১
ই-মেইল: dm.mopme@gmail.com